# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা-সংস্থা/রংপুর-০২/৮১২

তারিখ: ০৩ ভাদ্র, ১৪৩২ / ১৮ আগস্ট, ২০২৫

বিষয়ঃ- রংপুর জেলার সদর উপজেলাধীন ধাপ সাতগাড়া বায়তুল মুকাররম মডেল কামিল মাদ্রাসার মুহাদ্দিস জনাব মো: বদিউল আলমের বিরুদ্ধে অভিযোগের ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্র : চেয়ারম্যান ও রেজিস্ট্রার মহোদয়ের ই-মেইলে দাখিলকৃত অভিযোগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আপনি জনাব মো: বদিউল আলম কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন রংপুর জেলার সদর উপজেলাধীন ধাপ সাতগাড়া বায়তুল মুকাররম মডেল কামিল মাদ্রাসায় মুহাদ্দিস পদে কর্মরত। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক গত ১১ আগস্ট ২০২৫ খ্রি. তারিখের ৫৭.০০.০০০০.০০০.০৫৬.৭৩.০০০১.২৫.৮০ স্মারকে প্রকাশিত "বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন মাদ্রাসাসমূহে দাখিল ও আলিম স্তরে ব্যবসায় শিক্ষা বিভাগ চালুকরণ" শিরোনামে পত্র জারি করা হয়। জারিকৃত পত্রের বিরুদ্ধে আপনি সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যঙ্গ ও অবমাননাকর মন্তব্য প্রকাশ করেছেন মর্মে জনৈক ব্যক্তি জাকারিয়া একখানা অভিযোগ দাখিল করেছেন। অভিযোগকারী অভিযোগের সাথে (সামাজিক যোগাযোগ মাধ্যমে দাখিলকৃত পোস্ট) প্রমাণক কপি সংযুক্ত করেন। প্রমাণক কপি দেখে অভিযোগটি সঠিক মর্মে প্রতিয়মান হয় যা বেসরকারি মাদ্রাসা শিক্ষকের চাকুরী বিধি পরিপন্থী।

বর্ণিত অবস্থায় জনাব মো: বদিউল আলম রংপুর জেলার সদর উপজেলাধীন ধাপ সাতগাড়া বায়তুল মুকাররম মডেল কামিল মাদ্রাসায় কর্মরত অবস্থায় উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্তের বিরুদ্ধে অবমাননাকর মন্তব্য সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করে চাকুরী বিধি লঙ্ঘন করায় আপনার বিরুদ্ধে কেন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তার ব্যাখ্যা আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৮.৮.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ০২-৯৬১২৮৫৮
ইমেইল: registrar@bmeb.gov.bd

জনাব মো: বদিউল আলম
মুহাদ্দিস
ধাপ সাতগাড়া বায়তুল মুকাররম মডেল কামিল মাদ্রাসা, সদর, রংপুর

নং- বামাশিবো/প্রশা-সংস্থা/রংপুর-০২/৮১২

তারিখ: ০৩ ভাদ্র, ১৪৩২ / ১৮ আগস্ট, ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় উপাচার্য, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়;
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৩. জেলা প্রশাসক, রংপুর;
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রংপুর;
৫. জেলা শিক্ষা অফিসার, রংপুর;
৬. সভাপতি, ধাপ সাতগাড়া বায়তুল মুকাররম মডেল কামিল মাদ্রাসা, সদর, রংপুর;
৭. অধ্যক্ষ, ধাপ সাতগাড়া বায়তুল মুকাররম মডেল কামিল মাদ্রাসা, সদর, রংপুর;
৮. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৯. অফিস কপি।

১৮/৮/২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ০২-৯৬৭৪৮৭৪
ইমেইল: dradmin@bmeb.gov.bd